## ♣ উত্তরপত্র

প্রাইমারি শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১ (২য়)

**Total questions : 80 Total marks : 80**

---

1) নিম্নলিখিত কোনটির উপর বাংলাদেশ অবস্থিত?

1) ট্রপিক অব ক্যাপিকর্ন
✔ 2) ট্রপিক অব ক্যানসার
3) ইকুয়েটর
4) আর্কটিক সার্কেল

**ব্যাখ্যা :** ট্রপিক অব ক্যানসারের অর্থ হলো কর্কটক্রান্তি রেখা যা বাংলাদেশের মধ্যভাগ দিয়ে গেছে।

2) ষাটগম্বুজ মসজিদ নির্মাণ করেন --

1) হযরত শাহজালাল
✔ 2) পীর খান জাহান আলী
3) হযরত আমানত শাহ
4) বায়েজিদ বোস্তামী

**ব্যাখ্যা :** পীর খান জাহান আলী পঞ্চাদশ শতাব্দিতে মসজিদটি নির্মাণ করেন। এতে মোট ৮১ টি গম্বুজ রয়েছে।

3) 'বিচ্ছিন্ন' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?

1) বিৎ+ছিন্ন
✔ 2) বি+ছিন্ন
3) বিৎ+চ্ছিন্ন
4) বিচ+ছিন্ন

**ব্যাখ্যা :** বি + ছিন্ন ( বি + ছিন্ন = বিচ্ছিন্ন)

সন্নিহিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি। যেমন – আশা + অতীত = আশাতীত। হিম + আলয় = হিমালয়। প্রথমটিতে আ + অ আ (1) এবং দ্বিতীয়টিতে অ + আ = আ (I) হয়েছে। আবার, তৎ + মধ্যে =তন্মধ্যে, = এখানে ত + ম = ন্ম হয়েছে। সন্ধির উদ্দেশ্য
(ক) সন্ধির উদ্দেশ্য স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা এবং (খ) ধ্বনিগত মাধুর্য সম্পাদন। যেমন— ‘আশা' ও ‘অতীত’ উচ্চারণে যে আয়াস প্রয়োজন, ‘আশাতীত’ তার চেয়ে অল্প আয়াসে উচ্চারিত হয়। সেরূপ ‘হিম আলয় বলতে যেরূপ শোনা যায়, ‘হিমালয়’ তার চেয়ে সহজে উচ্চারিত এবং শ্রুতিমধুর। তাই যে ক্ষেত্রে আয়াসের লাঘব হয় কিন্তু ধ্বনি-মাধুর্য রক্ষিত হয় না, সে ক্ষেত্রে সন্ধি করার নিয়ম নেই। যেমন— কচু + আদা + আলু =কচ্চাদালু হয় না। অথবা কচু + আলু + আদা কচ্চাম্বাদা হয় না । = আমরা প্রথমে খাঁটি বাংলা শব্দের সন্ধি ও পরে তৎসম (সংস্কৃত) শব্দের সন্ধি সম্বন্ধে আলোচনা করব। উল্লেখ্য, তৎসম সন্ধি মূলত বর্ণ সংযোগের নিয়ম ।

Hello BCS

4) কোনটি শুদ্ধ বানান?

- 1) জ্ঞানভুসিত
- 2) জ্ঞাণভূষিত
- ✔ 3) জ্ঞানভূষিত
- 4) জ্ঞাণভুসিত

5) (a+b) =5, ab=4 হলে (a-b) এর মান কত?

- 1) 41
- 2) 33
- 3) 9
- ✔ 4) 3

**ব্যাখ্যা :** $(a-b)^2 = (a+b)^2 - 4ab$
$= 5^2 - 4.4$
$= 25 - 16$
$= \sqrt{9} = 3$

6) কোনটি Collective Noun?

- 1) Girl
- 2) Books
- ✔ 3) Library
- 4) Soldiers

7) ঊর্মি' শব্দের সমার্থক শব্দ কোনটি?

- ✔ 1) ঢেউ
- 2) সোজা
- 3) অসংহত
- 4) ঋজু

**ব্যাখ্যা :** ঢেউ' এর কতিপয় সমার্থক শব্দঃ তরঙ্গ,ঊর্মি, কল্লোল,হিল্লোল,বীচি,লহর।

8) কোনটি 'Effort' শব্দের সমার্থক শব্দ?

- 1) Assurance
- ✔ 2) Attempt
- 3) Erect
- 4) Exclude

Hello BCS

9) x - 1/x = 7 হলে $x^2 + 1/x^2$ এর মান কত?

1) 49
2) 50
✔ 3) 51
4) 52

**ব্যাখ্যা :** $x^2 + 1/x^2 = (x - 1/x)^2 + 2.x.1/x$
$= 7^2 + 2$
$= 49+2 = 51$

10) Do not hate the poor.' বাক্যটির Passive form হবে---

✔ 1) Let not the poor be hated.
2) Let the poor not be hated.
3) Poor not be hated.
4) Poor are not be hated.

11) বাপের বাড়িতে যাইবার কালে কহিত ধরিয়া পা "আমারে দেখিতে যাইও কিন্তু উজান-তলীর গাঁ"। পংক্তিটির রচয়িতা কে?

✔ 1) জসীমউদ্‌দীন
2) আবদুল কাদির
3) সত্যেন্দ্রনাথ দত্ত
4) নবীনচন্দ্র সেন

**ব্যাখ্যা :** পঙ্‌ক্তিটি জসীমউদদীনের 'কবর' কবিতার অন্তর্ভুক্ত।

12) বাংলাদেশের বৃহত্তম স্থলবন্দর ---

1) সোনা মসজিদ
2) চট্টগ্রাম
✔ 3) বেনাপোল
4) হিলি

**ব্যাখ্যা :** বাংলাদেশের বৃহত্তম স্থলবন্দর বেনাপোল স্থলবন্দর যশোর জেলার শর্শা উপজেলায় অবস্থিত। একে ১২ জানুয়ারি ২০০২ সালে স্থলবন্দর ঘোষণা করা হয়।

13) কোনটি শুদ্ধ বানান?

✔ 1) নিশীথিনী
2) নিশিথিনি
3) নিশীথিনি

Hello BCS

4) নিশীথীনী

14) কচুরীপানা পানিতে ভাসে ---

1) শিকড় লম্বা বলে
✔ 2) কাণ্ড ফাঁপা বলে
3) পাতাগুলো ছাড়ানো বলে
4) সবগুলোই ঠিক

**ব্যাখ্যা :** কান্ড ফাপা থাকার কারণে কচুরিপানা পানিতে ভাসে। এর আদি নিবাস দক্ষিন আমেরিকায়।

15) কোন বানানটি শুদ্ধ?

✔ 1) Accession
2) Accesion
3) Acession
4) Acsesion

16) পিতা ও দুই পুত্রের বয়সের গড় ২০ বৎসর। ২ বৎসর পূর্বে দুই পুত্রের বয়সের গড় ছিল ১২বৎসর। পিতার বর্তমান বয়স কত?

1) ২৬ বৎসর
2) ২৮ বৎসর
3) ২৮ বৎসর
✔ 4) ৩২ বৎসর

**ব্যাখ্যা :** ২ বছর পর বর্তমানে দুই পুত্রের বয়সের গড় = ১২+২ = ১৪
বর্তমানে দুই পুত্রের মোট বয়স (১৪×২) = ২৮ বছর
পিতা ও দুই পুত্রের মোট বয়স (২০×২) = ৬০ বছর
∴ পিতার বর্তমান বয়স = (৬০-২৮) = ৩২ বছর।

17) স্বর্ণের খাদ বের করতে কোন এসিড ব্যবহার করা হয়?

1) সাইট্রিক এসিড
✔ 2) নাইট্রিক এসিড
3) হাইড্রোক্লোরিক এসিড
4) টারটারিক এসিড

**ব্যাখ্যা :** নাইট্রিক এসিড যার রাসায়নিক সংকেত $HNO_3$ যা একুয়া কার্টিস এবং স্পিরিট অফ নাইটার নামে পরিচিত। স্বর্ণের খাদ বের করতে নাইট্রিক এসিড ব্যবহার করা হয়।

Hello BCS

18) How can you do this? বাক্যটির Passive form হবে----

1) How this can be done by you?
2) How this can be done by you?
✔ 3) How can this be done by you?
4) How this could be done by you?

19) কবর' নাটকটির রচয়িতা কে?

1) হুমায়ুন আহমেদ
✔ 2) মুনীর চৌধুরী
3) জিয়া হায়দার
4) জিয়া হায়দার

**ব্যাখ্যা :** ভাষা আন্দোলনের উপর প্রথম রচিত নাটক মুনীর চৌধুরীর (১৯২৫-৭১) 'কবর' (১৯৫৩)। যা ঢাকা জেলে বসে রচিত ও রাজবন্দিদের দ্বারা অভিনীত হয়।

20) নিচের কোনটিকে কম্পিউটারের মস্তিষ্ক বলা হয় -

1) নির্গমন মুখ
2) যুক্তি বর্তনী
3) স্মৃতি
✔ 4) কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ

21) কোন বানানটি শুদ্ধ?

1) Accesible
✔ 2) Accessible
3) Acesible
4) Accissable

22) ৯ জন ছাত্রের গড় বয়স ১৫ বৎসর। ৩ জন ছাত্রের বয়সের গড় ১৭ বৎসর হলে বাকি ৬ জন ছাত্রের বয়সের গড় কত?

✔ 1) ১৪ বৎসর
2) ১৫ বৎসর
3) ১৫ বৎসর
4) ১৭ বৎসর

**ব্যাখ্যা :** ৯ জন ছাত্রের মোট বয়স (১৫×৯) = ১৩৫ বছর
৩ জন ছাত্রের মোট বয়স = (৩×১৭) = ৫১ বছর
∴ ৬ জন ছাত্রের মোট বয়স = (১৩৫-৫১) = ৮৪ বছর

Hello BCS

∴ ৬ জন ছাত্রের বয়সের গড় = ৮৪/৬ বছর
= ১৪ বছর

23) ৫৬ জন শ্রমিক একটি কাজ ২১ দিনে শেষ করতে পারে। ১৪ দিনে কাজটি শেষ করতে হলে নতুন কত জন শ্রমিক নিয়োগ করতে হবে?

1) ২৪ জন
2) ২৬ জন
✔ 3) ২৮ জন
4) ৩০ জন

**ব্যাখ্যা :**

২১ দিনে করতে পারে ৫৬ জন শ্রমিক

১ " " " ৫৬×২১ " "

১৪ " " " (৫৬×২১)/১৪ " "

= ৮৪ জন শ্রমিক

24) কোন রঙয়ের আলোর প্রতিসরণ ও বিচ্যুতি সবচেয়ে কম?

✔ 1) লাল
2) হলুদ
3) নীল
4) বেগুনি

**ব্যাখ্যা :**

- যে বর্ণের আলোর তরঙ্গদৈর্ঘ্য যত বেশি, তার প্রতিসরণ, বিচ্যুতি ও বিক্ষেপণ তত কম।
- **বেগুনি** আলোর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম বলে এর বিক্ষেপণ, প্রতিসরণ ও বিচ্যুতি সবচেয়ে বেশী।
- **লাল** আলোর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশি বলে এর বিক্ষেপণ, প্রতিসরণ ও বিচ্যুতি সবচেয়ে কম।

উৎস : পদার্থ বিজ্ঞান, একাদশ-দ্বাদশ শ্রেণি।

25) সংকর ধাতু ব্রোঞ্জের উপাদান হলো --

1) তামা ও লোহা
2) টিন ও দস্তা
✔ 3) তামা ও টিন
4) লোহা ও দস্তা

Hello BCS

**ব্যাখ্যা :** পিতল - তামা+দস্তা
ব্রোঞ্জ - তামা + টিন

26) কোনটি Abstract Noun?

1) Man
✔ 2) Height
3) Jury
4) Long

27) দুইটি রাশির অনুপাত ৭ : ১২। উত্তর রাশি ৯৬ হলে পূর্ব রাশি কত?

1) ৪৯
2) ৫৪
✔ 3) ৫৬
4) ৬০

**ব্যাখ্যা :** প্রশ্নমতে, পূর্ব রাশিঃ৯৬ = ৭ঃ১২
⇒ পূর্ব রাশি/৯৬ = ৭/১২
⇒ পূর্ব রাশি = (৭×৯৬)/১২ = ৫৬

28) ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহুর ---

1) সমান হবে
2) সমান হবে
✔ 3) অর্ধেক হবে
4) এক তৃতীয়াংশ হবে

29) ভূমিকম্পের কম্পনের বেগ সর্বাপেক্ষা বেশি --

✔ 1) কেন্দ্রে
2) উপকেন্দ্রে
3) ভূ-অভ্যন্তরে
4) উপকেন্দ্রের চারপাশে

**ব্যাখ্যা :** আগ্নেয়গিরি, শিলাচ্যুতি,পাহাড়ধ্বস প্রভৃতির কারণে ভূ-আলোড়ন ঘটে।

30) ছায়াশীতল' কোন সমাস (ছায়াতে শীতল)?

✔ 1) তৎপুরুষ
2) বহুব্রীহি
3) কর্মধারয়
4) দ্বিগু

Hello BCS

**ব্যাখ্যা :** পূর্বপদে তৃতীয়া বিভক্তির লোপে যে সমাস হয়, তাকে তৃতীয়া তৎপুরুষ সমাস বলে। যথাঃ মন দিয়ে গড়া = মনগড়া।

31) ভূমির অবস্থা ও গঠন সময়ের হিসেবে বাংলাদেশের ভূমিরূপকে কয় ভাগে ভাগ করা হয়?

1) দুই ভাগ
✔ 2) তিন ভাগ
3) চার ভাগ
4) পাঁচ ভাগ

**ব্যাখ্যা :** ভূমির অবস্থা ও গঠন সময়ের হিসেবে বাংলাদেশের ভূমিরূপকে তিন ভাগে ভাগ করা হয় ।
১. টারশিয়ারি যুগের পাহাড়সমূহ।
২. প্লাইস্টোসিনকালের সোপানসমূহ।
৩. সাম্প্রতিককালের প্লাবন সমভূমি ।

32) কোন পরীক্ষায় ৪০% পরীক্ষার্থী ইংরেজিতে, ২৫% গণিতে এবং ১৫% পরীক্ষার্থী উভয় বিষয়ে ফেল করেছে। কতজন পরীক্ষার্থী উভয় বিষয়ে পাশ করেছে?

1) ৩০
2) ৩৫
3) ৪০
✔ 4) ৫০

**ব্যাখ্যা :** শুধু ইংরেজীতে ফেল করে (৪০-১৫)% = ২৫%
শুধু গণিতে ফেল করে (২৫-১৫)% = ১০%
ইংরেজি বা গনিত বা উভয় বিষয়ে ফেল করে = (২৫+১৫+১০)% = ৫০%
∴ উভয় বিষয়ে পাশ করে = ৫০%

Hello BCS

33) ৬৪ কে ৭ : ৮ অনুপাতে হ্রাস করলে নতুন সংখ্যা হবে ---

1) ৫৪
✔ 2) ৫৬
3) ৫৮
4) ৬০

**ব্যাখ্যা :** ধরি, নতুন সংখ্যা x
প্রশ্নমতে, x:৬৪ = ৭ঃ৮
⇒ x/৬৪ = ৭/৮
⇒ x = (৭×৬৪)/৮
∴ x = ৫৬

34) পৃথিবীর সবচেয়ে বেশি স্বর্ণ উত্তোলিত হয় --

1) রাশিয়া
2) অস্ট্রেলিয়া
✔ 3) চীন
4) কানাডা

35) স্বাধীনতা যুদ্ধের সময় বাংলাদেশ কতগুলো সেক্টরে বিভক্ত ছিল?

1) ১৯টি
2) ৯টি
3) ৮টি
✔ 4) ১১টি

**ব্যাখ্যা :** ১৯৭১ সালে ১১ জুলাই মুক্তিযুদ্ধের সেনাপতি এম এ জি ওসমানি সমগ্র বাংলাদেশকে যুদ্ধের সুবিধার্থে ১১টি সেক্টরে বিভক্ত করেন। সাবসেক্টর ছিলো ৬৪ টি।

36) আনন্দবিহার কোথায়?

1) রাজশাহীতে
2) মহাস্থানগড়
✔ 3) ময়নামতি
4) পাহাড়পুর

**ব্যাখ্যা :** আনন্দ বিহার কুমিল্লা জেলার ময়নামতিতে লালমাই পাহাড়ে অবস্থিত। ৭ম বা ৮ম শতকে শ্রী আনন্দদেব এটি নির্মাণ করেন।

Hello BCS

37) I approved ----his action. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে ---

1) at
2) on
✔ 3) of
4) with

38) নিচের কোন বাক্যটি শুদ্ধ?

1) I took my tea at 5 p.m.
✔ 2) He refused to help me.
3) Keep it on the table.
4) I saw him long before.

39) যমুনা নদী কোথায় পতিত হয়েছে ?

✔ 1) পদ্মা
2) বুড়িগঙ্গা
3) ব্রহ্মপুত্র
4) মেঘনা

**ব্যাখ্যা :** যমুনা নদী শিবালয়(মানিকগঞ্জ) ও গোয়ালন্দ (রাজবাড়ি) তে পদ্মা নদীর সাথে মিলিত হয়েছে। এই মিলিত ধারা পদ্মা নামে প্রবাহিত হয়ে চাঁদপুরে মেঘনা নদীর সাথে মিলিত হয়েছে। মিলিত ধারা মেঘনা নাম ধারণ করে প্রবাহিত হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

40) নাইট্রোজেন গ্যাস থেকে কোন সার তৈরি করা হয়?

1) সবুজ সার
2) পটাস
3) টিএসপি
✔ 4) ইউরিয়া

**ব্যাখ্যা :** নাইট্রোজেন গ্যাসকে বিশেষ প্রক্রিয়ায় অ্যামোনিয়ায়, এরপর অ্যামোনিয়া থেকে ইউরিয়া সার তৈরি করা হয় ।

41) বাংলাদেশের কোন স্থানটি বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের স্মৃতির সাথে জড়িত?

1) চুরুলিয়া
✔ 2) দরিরামপুর
3) শান্তিডাঙ্গা
4) কালীগঞ্জ

42) মানুষের ক্রোমোজোমের সংখ্যা কত?

1) ২০ জোড়া
2) ২১ জোড়া
3) ২২ জোড়া
✔ 4) ২৩ জোড়া

**ব্যাখ্যা :** ক্রোমোসোম হল বংশগতির বৈশিষ্ট্যের ধারক ও বাহক । মানুষের ক্রোমোসোমের সংখ্যা ২৩ জোড়া । এর মধ্যে ২২ জোড়া অটোসোম এবং এক জোড়া সেক্স ক্রোমোসোম ।

43) যার কোন উপায় নেই'--এক কথায় কি হবে?

✔ 1) নিরুপায়
2) নাচার

Hello BCS

3) অনন্যোপায়
4) উপায়হীন

44) মিয়ানমার ও বাংলাদেশকে বিভক্তকারী নদীর নাম কি?

1) কর্ণফুলি
✔ 2) নাফ
3) মাতামহুরী
4) সাঙ্গু

**ব্যাখ্যা :** কক্সবাজারের টেকনাফে বাংলাদেশ মিয়ানমারকে পৃথক করেছে নাফ নদী। নাফ নদীর দৈর্ঘ্য ৬৪ কিলোমিটার। সর্বাধিক প্রস্থ ১৫৫০ মিটার। নাফ নদী প্রবাহিত হয়েছে বান্দরবান ও কক্সবাজার জেলায় এবং পতিত হয়েছে বঙ্গোপসাগরে।

45) সূর্যে শক্তি উৎপন্ন হয় ---

1) পরমাণুর ফিশন পদ্ধতিতে
✔ 2) পরমাণুর ফিউশন পদ্ধতিতে
3) রাসায়ানিক বিক্রিয়ার ফলে
4) তেজস্ক্রিয়তার ফলে

**ব্যাখ্যা :** যে প্রক্রিয়ায় একাধিক হালকা নিউক্লিয়াস একত্রিত হয়ে অপেক্ষাকৃত ভারী নিউক্লিয়াস গঠন করে এবং অত্যধিক শক্তি নির্গত হয় তাকে নিউক্লীয় ফিউশন বলে । পরমাণুর ফিউশন পদ্ধতিতে সূর্যে শক্তি উৎপন্ন হয় ।

46) কোনটি অপুষ্পক উদ্ভিদ নয়?

1) ক্লোরেলা
✔ 2) শিমুল
3) নস্টক
4) ব্যাঙের ছাতা

**ব্যাখ্যা :** যেসব উদ্ভিদ নিজেই নিজের খাদ্য উৎপাদন করে তাকে সপুষ্পক উদ্ভিদ বলে। যেমন- শিমুল, অপরদিকে যারা নিজের খাদ্য নিজেরা তৈরি করে না, তা অপুষ্পক উদ্ভিদ যেমন- ব্যাঙের ছাতা, কোরেলা।

47) আকস্মিক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

1) হঠাৎ
✔ 2) চিরন্তন
3) তিরোভাব
4) স্থির

Hello BCS

48) কাঁচি' কোন ধরনের শব্দ?

1) আরবি
2) ফারসি
3) হিন্দি
✔ 4) তুর্কি

49) বৈদ্যুতিক পাখা ধীরে ধীরে ঘুরলে বিদ্যুৎ খরচ --

1) কম হয়
2) বেশি হয়
✔ 3) একই হয়
4) খুব কম হয়

**ব্যাখ্যা :** রেগুলেটরের মাধ্যমে বৈদ্যুতিক পাখায় বিদ্যুৎ সরবরাহ নিয়ন্ত্রণ করা হয়। সব সময় বিদ্যুৎ সরবারহ একই থাকে । তাই বৈদ্যুতিক পাখা ধীরে ঘুরলেও খরচ একই হয় ।

50) শাপলা চত্বরের স্থপতি --

✔ 1) আজিজুল জলিল পাশা
2) নিতুন কুন্ডু
3) শামীম শিকদার
4) মোস্তফা মনোয়ার

**ব্যাখ্যা :** শাপলা চত্ত্বর ঢাকা মতিঝিলে অবস্থিত। এখানে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময়কালের একটি গণকবর চিহ্নিত হয়েছে।

51) ২, ৬, ১০, ১৪ ------ ধারাটির ৭ম পদ কত?

1) ২২
✔ 2) ২৬
3) ২৮
4) ৩০

52) কচুশাক বিশেষভাবে মূল্যবান যে উপাদানের জন্য ---

1) ভিটামিন এ
2) ভিটামিন সি
✔ 3) লৌহ
4) ক্যালসিয়াম

Hello BCS

**ব্যাখ্যা :** লৌহ রক্তের একটি প্রধান উপাদান। এর প্রধান কাজ হিমোগ্লোবিন গঠনে সহায়তা করা। কচুশাক, নটেশাক, নিম পাতা প্রভৃতি লৌহের প্রধান উৎস।

53) নাড়ির স্পন্দন প্রবাহিত হয় ---

✔ 1) ধমনীর ভিতর দিয়ে
2) শিরার ভিতর দিয়ে
3) স্নায়ুর ভিতর দিয়ে
4) ল্যাকটিয়ালের ভিতর দিয়ে

**ব্যাখ্যা :** যেসব রক্তনালির মাধ্যমে রক্ত হৃদপিণ্ড থেকে দেহের বিভিন্ন অংশে বাহিত হয়, তাকে ধমনি বলে। ধমনির ভিতর দিয়ে নাড়ির স্পন্দন প্রবাহিত হয়।

54) "হয় রওনা হও, নতুবা গাড়িতে ওঠ" --এটি কোন ধরনের বাক্য?

1) সরল বাক্য
✔ 2) যৌগিক বাক্য
3) জটিল বাক্য
4) মিশ্র বাক্য

55)
He said, 'The earth moves round the sun.' বাক্যটির Indirect speech হবে---------

1)
He said that the earth moved round the sun.

✔ 2)
He said that the earth moves round the sun.

3)
He said that the earth has moved round the sun.

4)
He said that the earth had moved round the sun.

**ব্যাখ্যা :**

- সাধারণত reporting verb টি past tense এ থাকলে reported speech টির tense পরিবর্তন করতে হয়। কিন্তু বাক্যটি Universal truth হওয়ায় কোনো পরিবর্তন হবে নাহ।
- He said that the earth moves round the sun.

Hello BCS

56) যা বলা হয়নি' --এক কথায় হবে ---

1) অবহিত
✔ 2) অনুক্ত
3) অবাচ্য
4) অনুল্লেখ

57) একটি জিনিস ৫৬০ টাকায় বিক্রয় করায় ১২% লাভ হলো। জিনিসটির ক্রয়মূল্য কত?

✔ 1) ৫০০ টাকা
2) ৫১২ টাকা
3) ৫২০ টাকা
4) ৫২৫ টাকা

**ব্যাখ্যা :** ক্রয়মূল্য = (১০০×বিক্রয়মূল্য)/(১০০+লাভ)
= (১০০×৫৬০)/(১০০+১২)
= (১০০×৫৬০)/(১১২) = ৫০০ টাকা

58) "পড়াশোনায়" মন দাও -বাক্যে উদ্ধৃত শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

1) কর্তায় ৭মী
2) কর্মে ৭মী
3) অপাদানে শূন্য
✔ 4) অপাদানে শূন্য

**ব্যাখ্যা :** ক্রিয়া সম্পাদনের কাল এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমনঃ কাননে কুসুমকলি সকলি ফুটিল।

59) পাট কোন দেশের প্রধান শিল্প?

1) ভারত
2) মিশর
✔ 3) বাংলাদেশ
4) যুক্তরাজ্য

**ব্যাখ্যা :** বাংলাদেশের প্রধান শিল্প পাট। পাট বাংলাদেশের প্রধান অর্থকারী ফসল। বিশ্বে পাট উৎপাদনে শীর্ষ দেশ ভারত, বাংলাদেশ দ্বিতীয়। ভারতের প্রধান শিল্প কার্পাস বয়ন।

60) কোনটি 'Brief' শব্দের সমার্থক শব্দ?

✔ 1) Short
2) Copious
3) Eloquent
4) Profuse

Hello BCS

61) At home' এর অর্থ --

1) Home made of bricks
2) One who has lost home
3) Try to make a home
✔ 4) Familiar with

62) কোন দেশটি ল্যাটিন আমেরিকার অন্তর্ভুক্ত নয়?

1) ব্রাজিল
2) আর্জেন্টিনা
3) পেরু
✔ 4) পানামা

**ব্যাখ্যা :** ব্রাজিল,আর্জেন্টিনা ও পেরু দক্ষিন আমেরিকা মহাদেশে অবস্থিত। দক্ষিন আমেরিকায় স্বাধীন রাষ্ট্র ১২ টি। পানামা উত্তর আমেরিকা মহাদেশের একটি দেশ।

63) He said to me, "By God! I shall support you."----- বাক্যটির Indirect speech হবে----

1) He swore by God that he will support me.
2) He swore by God that he will have supported me.
3) He swear by God that he would have supported me.
✔ 4) He swore by God that he would support me.

64) একটি জিনিস ২৫০ টাকায় ক্রয় করে ২৮০ টাকায় বিক্রি করলে শতকরা কত লাভ হবে?

1) ১০%
✔ 2) ১২%
3) ১৫%
4) ২০%

**ব্যাখ্যা :** শতকরা লাভ = (বিক্রয়মূল্য-ক্রয়মূল্য)×১০০
= {(২৮০-২৫৬)/২৫০}×১০০
= (৩০/২৫০)×১০০ = ১২ টাকা

65) বাংলাদেশে প্রথম বেসরকারি ব্যাংক কোনটি?

1) ন্যাশনাল ব্যাংক
✔ 2) আরব বাংলাদেশ ব্যাংক
3) দি সিটি ব্যাংক
4) আইএফআইসি ব্যাংক

Hello BCS

**ব্যাখ্যা :** বাংলাদেশের প্রথম বেসরকারি ব্যাংক আরব-ব্যাংক (এবি ব্যাংক)। এটি অনুমোদন পায় ১৯৮১ সালের ৩১ ডিসেম্বর এবং কার্যক্রম শুরু করে ১২ এপ্রিল ১৯৮২ সালে। ন্যাশনাল ব্যাংক, সি সিটি ব্যাংক,আইএফআইসি ব্যাং ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত হয়।

66) উত্তর আমেরিকাকে দক্ষিণ আমেরিকার সাথে যুক্ত করেছে --

1) বেরিং প্রণালী
✔ 2) পানামা যোজক
3) গ্রেট লেকস্
4) ফ্লোরিডা প্রণালী

**ব্যাখ্যা :** উত্তর আমেরিকাকে দক্ষিণ আমেরিকা থেকে পৃথক করেছে পানামা খাল। পানামা খাল সংযুক্ত করেছে আটলান্টিক এবং প্রশান্ত মহাসাগরকে। বেরিং প্রণালি সংযুক্ত করেছে উত্তর সাগর ও বেরিং সাগরকে। ফ্লোরিডা প্রণালি সংযুক্ত করেছে মেক্সিকো উপসাগর ও আটলান্টিক মহাসাগরকে।

67) হারামণি' কোন সমাস (হারিয়েছে যে মণি)?

1) তৎপুরুষ
✔ 2) কর্মধারয়
3) বহুব্রীহি
4) অব্যয়ীভাব

**ব্যাখ্যা :** যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমনঃ নীল যে আকাশ = নীলাকাশ।

68) নিচের কোন বাক্যটি শুদ্ধ?

✔ 1) Put the book on the table
2) The examiner saw my papers
3) I feel some better
4) He is not in the committee

69) মহামুনি বিহার কোথায়?

1) জামালপুরের দেওয়ানগঞ্জে
2) সিলেটের হবিগঞ্জে
✔ 3) চট্টগ্রামের রাউজান
4) দিনাজপুরের ফুলবাড়ি

**ব্যাখ্যা :** মহামুনি বিহার চট্টগ্রাম জেলার রাউজান উপজেলার পাহাড়তলী ইউনিয়নে অবস্থিত। ধারণা করা হয়, ১৮১৩ সালে পুণ্যাল্পা ভিক্ষু চাইংগা ঠাকুর গ্রামবাসীর সামগ্রিক সহায়তায় এই বিহারটি প্রতিষ্ঠা করেন।

Hello BCS

70) বিভূতিভূষন বন্দ্যোপাধ্যায় রচিত 'পথের পাঁচালী' একটি----

1) নাটক
2) ভ্রমন কাহিনী
3) গল্প
✔ 4) উপন্যাস

**ব্যাখ্যা :**

**বিভূতিভূষণের উপন্যাসসমূহঃ** পথের পাঁচালী, অপরাজিত, দৃষ্টি প্রদীপ, আরণ্যক, আদর্শ হিন্দু হোটেল, বিপিনের সংসার, দুই বাড়ী, ইছামতী, দেবজান, কেদার রাজা, অশনি সংকেত, দম্পতি ইত্যাদি।

71) ডেঙ্গু জ্বরের বাহক কোন মশা?

1) এনোফিলিস
✔ 2) এডিস
3) কিউলেক্স
4) সব ধরনের মশা

**ব্যাখ্যা :** ডেঙ্গু জরে রোগীর মাথা ব্যাথা,উচ্চ তাপমাত্রার জ্বর,মাংসপেশীতে মারাত্মক ব্যাথা অনুভূত হয়ে থাকে।

72) একজন কৃষকের ৪০টি গরুর জন্য ৩৫ দিনের খাদ্য মজুদ আছে। তিনি আরো ১০টি গরু ক্রয় করলে ঐ খাদ্যে কত দিন চলবে?

1) ২০ দিন
2) ২৪ দিন
3) ২৪ দিন
✔ 4) ২৮ দিন

**ব্যাখ্যা :** ৪০ টি গরুর খাদ্য আছে ৩৫ দিনের
১ টি গরুর খাদ্য আছে ৩৫× ৪০
৫০ টি গরুর খাদ্য আছে (৩৫× ৪০)/৫০
= ২৮ দিন

73) আট বাহুবিশিষ্ট সুষম বহুভুজের একটি বহিঃস্থ কোণের পরিমাণ হবে ---

✔ 1) ৪৫ ডিগ্রী
2) ৬০ ডিগ্রী
3) ৮০ ডিগ্রী
4) ১০০ ডিগ্রী

Hello BCS

**ব্যাখ্যা :** বহিঃস্থ কোণের পরিমাণ = ৩৬০°/n = ৩৬০°/৮ = ৪৫°

74) অগস্ত্য যাত্রা' বাগধারাটির অর্থ কি?

1) শুরু করা
2) তাড়াতাড়ি শেষ করা
3) বিশ্রাম করা
✔ 4) শেষ বিদায়

75) পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি?

1) বুধ
✔ 2) শুক্র
3) বৃহস্পতি
4) মঙ্গল

**ব্যাখ্যা :** পৃথিবীর নিকটতম গ্রহ হলো শুক্র। পৃথিবী থেকে এর দূরত্ব ৪.৩ কোটি কিলোমিটার। আর পৃথিবী থেকে মঙ্গলের দূরত্ব ৭.৮ কোটি কিলোমিটার। অপরদিকে সূর্যের নিকটতম গ্রহ হলো বুধ।

76) ক্ষীয়মাণ' এর বিপরীত শব্দ ?

1) বর্ধিষ্ণু
✔ 2) বর্ধমান
3) বৃহৎ
4) বৃদ্ধিপ্রাপ্ত

**ব্যাখ্যা :** একটি শব্দের বিপরীত অর্থবাচক শব্দকে বিপরীতার্থক শব্দ বা বিপরীত শব্দ বলে । সাধারণত শব্দের শুরুতে অ, অন, অনা, অপ, অব, দূর, ন, না, নি, নির প্রভৃতি উপসর্গগুলো যুক্ত করলে শব্দের অর্থ না - বাচক বা নিষেধবোধক অর্থে রূপান্তরিত হয় । তাই শব্দের বিপরীত শব্দ তৈরিতেও এই উপসর্গগুলো ব্যবহৃত হতে দেখা যায় । যেমন - আগত – শব্দটির শুরুতে অন - উপসর্গটি যুক্ত হয়ে বিপরীত শব্দ হল - অনাগত । আবার যে সব শব্দের শুরুতে হ্যাঁ - বোধক উপসর্গ থাকে, তাদের শুরুর সেই উপসর্গের বদলে না - বোধক উপসর্গও ব্যবহৃত হতে দেখা যায় ।

77) Students should attend ----their lessons. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে ---

1) with
2) on
3) at
✔ 4) to

78) গাড়ী "স্টেশন" ছাড়ল -বাক্যে উদ্ধৃত শব্দটি কোন কারকে কোন বিভক্তি?

1) কর্তায় শূন্য

Hello BCS

2) কর্মে শূন্য
✔ 3) অপাদানে শূন্য
4) অধিকরণে শূন্য

**ব্যাখ্যা :** যা থেকে বিচ্যুত,গৃহীত,বিরত, আরম্ভ,দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমনঃ পাপে বিরত হও।

79)
কত তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি?

1) ০ ডিগ্রী সেলসিয়াস
✔ 2) ৪ ডিগ্রী সেলসিয়াস
3) ৬ ডিগ্রী সেলসিয়াস
4) ৭ ডিগ্রী সেলসিয়াস

**ব্যাখ্যা :**

৪° সেলসিয়াস তাপমাত্রায় পানি ব্যাতিক্রমী প্রাসরণ ঘটে। এই তাপমাত্রায় পানির ঘনত্ব সবচেয়ে বেশি।

80) ১, ৪, ১৩, ৪০ ------ধারাটির পরবর্তী পদ কত?

1) ৩৯
2) ৮১
✔ 3) ১২১
4) ৩৬৩

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com